গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা
www.mole.gov.bd

বিষয়ঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন **''নারায়নগঞ্জ বন্দরে এবং চট্টগ্রাম কালুরঘাটে মহিলা শ্রমজীবী হোস্টেল এবং ০৫ শয্যার হাসপাতাল সুবিধাসহ শ্রম কল্যাণ কেন্দ্র নির্মান "** শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি)'র ৪র্থ সভার কার্যবিবরণী:

সভাপতি : কে এম আব্দুস সালাম, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থান : মন্ত্রনালয়ের সভাকক্ষ
সভার তারিখ : ১১/১১/২০২০ খ্রি:
সভার উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেয়া হ'ল।

উপস্থাপনাঃ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি কমিটির সদস্য সচিব ও প্রকল্প পরিচালক-কে সভার কার্যপত্র অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। সভাপতির নির্দেশক্রমে প্রকল্প পরিচালক প্রকল্পের নিম্নোক্ত মূল কার্যক্রম এবং বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

২.০ প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ ও প্রধান কার্যক্রম:

প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটি ১১৫ কোটি ০৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ এপ্রিল, ২০১৮ ডিসেম্বর ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ১৭/০৪/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। কর্মজীবী মহিলা শ্রমিকদের জন্য স্বল্প ব্যয়ে নিরাপদ ও স্বাস্থ্যসম্মত আবাসনের ব্যবস্থা নির্মাণ করা, সুষ্ঠ ও সামাজিক মানসম্মত আবাসিক পরিবেশ সুনিশ্চিত করা, সামাজিক ক্ষমতায়নের মাধ্যমে বসবাসরত মহিলা শ্রমিকদের উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়তা করা, শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের আধুনিক ও উন্নত শ্রম কল্যাণ সুবিধাদি সুনিশ্চিত করা, বিদ্যমান শ্রম কল্যাণ কেন্দ্র হতে প্রদানকৃত সেবাসমূহ যথা: শ্রমিক প্রশিক্ষণ, স্বাস্থ্য সেবা, চিত্তবিনোদন সেবা ও পরিবার কল্যাণ সেবাদির মান আধুনিক ও শক্তিশালী করা, কর্মক্ষেত্রে মহিলা শ্রমিকদের অধিকার নিশ্চিতে ও সচেতনতা বৃদ্ধিতে শ্রম কল্যাণ কেন্দ্রে সময়োপযোগী প্রশিক্ষণ এবং ওয়াঁকশপ সেমিনারসহ বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা এবং সংশ্লিষ্ট অঞ্চলের শিল্প সেক্টরে কর্মরত শ্রমিক প্রতিনিধি ও মহিলা শ্রমিকদের জন্য তথ্য প্রযুক্তি সম্বলিত জ্ঞানবৃদ্ধির নিমিত্ত প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৩.০ আলোচনা ও সিদ্ধান্তঃ সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৩.১ কার্যবিবরণী দৃঢ়ীকরণ | শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''নারায়নগঞ্জ বন্দরে এবং চট্টগ্রাম কালুরঘাটে মহিলা শ্রমজীবী হোস্টেল এবং ০৫ শয্যার হাসপাতাল সুবিধাসহ শ্রম কল্যাণ কেন্দ্র নির্মান " শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি)'র ৩য় সভা গত ১৪/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। সভার সংশোধিত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৩.২<br><br>প্রকল্পের ভৌত অগ্রগতি | ক) মহিলা শ্রমজীবী হোস্টেল বন্দর, নারায়নগঞ্জ বন্দর অংশের ভৌত কাজের অগ্রগতি ৯৩%। উল্লেখ্য, প্রকল্পের বন্দর অংশের মূল ০৯ (নয়) তলা ভবনের নির্মাণ কাজ শেষ হয়েছে। ভবনের সীমানা প্রাচীর নির্মাণ, টাইলসের কাজ, প্লাষ্টার, রং, বৈদুতিক ওয়েরিং, বাথরুম ফিটিংস ইত্যাদির কাজও শেষ হয়েছে। হোস্টেল অংশের প্রতিটি কক্ষের আসবাবপত্র তৈরী ও স্থাপনের কাজ এবং জেনারেটর স্থাপনসহ ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি সংযোজনের কাজ বর্তমানে চলমান।<br><br>খ) মহিলা শ্রমজীবী হোস্টেল কালুরঘাট, চট্রগ্রাম এর কালুরঘাট অংশের ভৌত কাজের ৭৪% কাজ সম্পন্ন হয়েছে। উল্লেখ্য, মূল ভবনের ৬ষ্ঠ তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ এবং ১ম হতে ৫ম তলার সিলিং-এ আস্তরের কাজ এবং ২য় এবং ৩য় তলার ইট গার্থুনী এবং ভিতরে প্লাস্টার এর কাজ সম্পন্ন হয়েছে। সীমানা প্রাচীর নির্মাণ, টাইলসের কাজ, প্লাষ্টার, রং, বৈদুতিক ওয়েরিং, বাথরুম ফিটিংস ইত্যাদির কাজ এখনও শুরু হয়নি। তাছাড়া হোস্টেল অংশের প্রতিটি কক্ষের আসবাবপত্র তৈরী ও স্থাপনের কাজ এবং জেনারেটর স্থাপনসহ ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি সংযোজনের কাজও সম্পন্ন করতে হবে। প্রকল্পের মোট ভৌত কাজের অগ্রগতি ৮৪%।প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করার বিষয়ে সভায় একমত পোষন করা হয়। | ক) প্রকল্পের নির্মাণ কাজের গুনগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করতে হবে ।<br><br>খ) প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। |
| ৩.২ প্রকল্পের আর্থিক অগ্রগতি | প্রকল্পের আর্থিক অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, চলতি ২০২০-২০২১ অর্থ-বছরের মোট বরাদ্দ ৪০০৭.২৫ লক্ষ টাকা । প্রকল্পের মোট ক্রমপুঞ্জিত অগ্রগতি ৭৫৮২.০০ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৭৫% । | ক) শতভাগ আর্থিক অগ্রগতি নিশ্চিত করতে হবে। |
| ৩.৩<br><br>Technical Committee গঠন | প্রকল্পের নারায়ণগঞ্জস্থ বন্দর অংশে নির্মিত ০৯ তলা শ্রমজীবী মহিলা হোস্টেল ভবনে সংযোজনের নিমিত্ত সেনা কল্যাণ সংস্থা কর্তৃক সরবরাহকৃত ০৩ টি প্যাসেঞ্জার লিফট ইউরোপিয়ন স্ট্যান্ডার্ডের কিনা তা নির্ধারণে Technical Committee গঠনে প্রকল্পের ৫ম পিআইসি সভার প্রস্তাব সংশ্লিষ্ট সুপারিশ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>এ বিষয়ে মতামত প্রদাণের নিমিত্ত বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের যন্ত্র প্রকৌশল বিভাগের ০১ জন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ০১ জন যন্ত্র প্রকৌশলী, গণপূর্ত বিভাগের ০১ জন যন্ত্র প্রকৌশলী, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ০১ জন যন্ত্র প্রকৌশলী ও প্রকল্প পরিচালকসহ মোট ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট Technical Committee গঠন সংক্রান্ত পিআইসি'র সুপারিশ অনুমোদন করা হয় । | ক) নারায়ণগঞ্জস্থ শ্রমজীবী মহিলা হোস্টেল ভবনে সংযোজনের নিমিত্ত সরবরাহকৃত ০৩ টি প্যাসেঞ্জার লিফট ইউরোপিয়ন স্ট্যান্ডার্ডের কিনা সে বিষয়ে মতামত প্রদানের নিমিত্ত মন্ত্রণালয় কর্তৃক ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট Technical Committee গঠনের অফিস আদেশ জারি করতে হবে। |
| ৩.৪<br><br>গৃহায়ন তহবিল হতে ঋণ গ্রহণ | প্রকল্প পরিচালক অনুমোদিত ডিপিপি মতে গৃহায়ন তহবিল হতে ৫০০.০০ লক্ষ (পাঁচ কোটি) টাকা ঋণগ্রহণের প্রয়োজনীয়তার বিষয়টি সভায় উত্থাপন করেন। তিনি বলেন এ বিষয়ে প্রকল্পের ২য় পিএসসি সভার সিদ্ধান্ত মতে মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখার উপসচিবের নেতৃত্বে প্রকল্প পরিচালকসহ ০৩ সদস্য বিশিষ্ট একটি টিম ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংকস্থ গৃহায়ন তহবিলের ফান্ড ম্যানেজমেন্ট ইউনিটের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের সাথে সাক্ষাৎ করেছেন এবং সাক্ষাৎ সূত্রে জানা যায়, ঋণগ্রহণের বিষয়ে প্রত্যাশী সংস্থার আবেদন প্রাপ্তিসাপেক্ষে তা মূখ্যসচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিতব্য গৃহায়ন তহবিলের ষ্টিয়ারিং কমিটির সভায় উত্থাপন করা হবে। পরবর্তীতে তা অনুমোদনের পর সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহায়ণ তহবিল হতে ঋণপ্রদানের প্রক্রিয়া শুরু হবে।কোভিডের কারণে উক্ত ষ্টিয়ারিং | ক) প্রকল্পের অনুকূলে গৃহায়ন তহবিল হতে ৫০০.০০ লক্ষ (পাঁচ কোটি) টাকা ঋণ গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। |

১২০৮

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| | কমিটির সভা ও বর্তমানে নিয়মিতভাবে হচ্ছে না বলে সাক্ষাতে জানা যায়। এমতাবস্থায় চূড়ান্ত ঋণগ্রহণ প্রক্রিয়ায় দীর্ঘসূত্রীতার সম্ভাবনা থাকায় এবং ২০২০-২০২১ অর্থবছরে প্রকল্পের অবশিষ্ট মাত্র ২৫% কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় বাজেট বরাদ্দ থাকায় যথাসময়ে প্রকল্প কাজ সমাপ্ত করতে গৃহায়ন তহবিল হতে ৫০০.০০ লক্ষ (পাঁচ কোটি) টাকা ঋণগ্রহণ করা বাদ দেয়ার বিষয়ে সিদ্ধান্ত নেয়ার জন্য সভাকে অনুরোধ জানানো হয়। অত:পর এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে গৃহায়ন তহবিল হতে ৫০০.০০ লক্ষ (পাঁচ কোটি) টাকা ঋণগ্রহণ না করার জন্য সভায় একমত প্রকাশ করা হয়। | |
| ৩.৫<br><br>প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ন | প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়নের বিষয়টি উত্থাপনপূর্বক সভায় আইএমইডি'র প্রতিনিধি বলেন যে, ডিপিপি মতে প্রকল্প বাস্তবায়ন কাজ ত্বরান্বিত করার প্রয়োজনে এর মধ্যবর্তী মূল্যায়ন হওয়া দরকার এবং বিষযটি অনুমোদিত ডিপিপি'তে উল্লেখ রয়েছে। একটি আন্ত:মন্ত্রনালয় মূল্যায়ন কমিটির মাধ্যমে প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়নের বিষয়ে সদস্যবৃন্দ একমত প্রকাশ করেন। | ক) অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়নের প্রস্তাব প্রকল্প পরিচালক মন্ত্রনালয়ে প্রেরণ করবে। |
| ৩.৬<br><br>প্রকল্প সংশোধন সংক্রান্ত | প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের কালুরঘাট অংশে শ্রমজীবী মহিলা হোষ্টেলে ০২ টি প্যাসেঞ্জার লিফট, সংশ্লিষ্ট লিফট কোর বসানো ও জেনারেটর রুম স্থাপন এবং নারায়নগঞ্জের বন্দরসহ চট্টগ্রামের কালুরঘাট অংশের হোষ্টেল ভবনে Fire Protection & Detection System, সি সি টিভি, সোলার সিষ্টেম ও একসেস কনট্রোল ডিভাইস বসানোর সংক্রান্ত নতুন কম্পোনেন্ট সংযোজনের বিষয়ে সেনাকল্যাণ সংস্থার পেশকৃত ব্যয় প্রাক্কলন ৫৪০.০০ লক্ষ (পাঁচ' কোটি চল্লিশ লক্ষ) টাকা নির্ধারণে পিআইসি'র সুপারিশ করেছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সভায় প্রকল্প মেয়াদবৃদ্ধির প্রস্তাবের কারণ এবং মেয়াদবৃদ্ধি সংক্রান্ত পিআইসি'র সুপারিশ নিয়ে আলোচনায় প্রকল্প পরিচালক জানান যে, কোভিড-১৯ পরিস্থিতিতে প্রকল্পের ভৌত কাজ এপ্রিল হতে জুন ২০২০ পর্যন্ত বন্ধ থাকায় নির্মাণ কাজ বাস্তবায়নকারী সেনা কল্যাণ সংস্থা প্রকল্প মেয়াদ ০১ বছর বৃদ্ধির জন্য অনুরোধ জানায়। এ পরিপ্রেক্ষিতে প্রকল্পের ৫ম পিআইসি সভায় প্রকল্পের মেয়াদ ০৬ মাস অর্থ্যাৎ ৩০ জুন ২০২১ পর্যন্ত বর্ধিত করণের সুপারিশ করা হয়। আলোচনার এ পর্যায়ে প্রকল্পের প্রয়োজনীয়তা বিবেচনায় নতুন কম্পোনেন্ট সংযোজন এবং বিধিমোতাবেক যৌক্তিকভাবে নতুন প্রাক্কলিত ব্যয় ও প্রকল্প মেয়াদ নির্ধারণপূর্বক সংশোধিত ডিপিপি এ মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করা হয়। | ক) প্রকল্পের প্রয়োজনীয়তা বিবেচনায় নতুন অঙ্গ সংযোজন এবং যৌক্তিকভাবে নতুন প্রাক্কলিত ব্যয় ও প্রকল্প মেয়াদ নির্ধারণ করতে হবে।<br><br>খ) প্রকল্পের ১ম সংশোধন প্রস্তাব যৌক্তিকতাসহ নির্ধারিত ছকে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। প্রকল্প পরিচালক দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন। |

০৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/১১/২০২০

(কে এম আব্দুস সালাম)
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
ও
সভাপতি
প্রজেক্ট স্টিয়ারিং কমিটি